

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 14-07-2024  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Kharchi festival :**

পুরান আগরতলা চতুর্দশ দেবতার বাড়িতে শুরু হয়েছে রাজ্যের ঐতিহ্যমন্ডিত খার্চি পূজা, উৎসব ও মেলা। সাত দিন ধরে চলবে এই উৎসব। সকাল থেকে মন্দির প্রাঙ্গণে পূর্ণ্যাথি দের সমাগম শুরু হয়েছে। প্রচুর দোকানপাট খোলা হয়েছে। আজ সকাল সাড়ে ১১ টায় খার্চি মেলার আনুষ্ঠানিক উদ্বোধন হবে। এদিকে গতকাল সন্ধ্যায় মন্দির সংলগ্ন হাওড়া নদীতে চিরাচরিত প্রথা অনুযায়ী বর্ণাঢ্য শোভাযাত্রা সহকারে চতুর্দশ দেবতার স্নানযাত্রা পর্ব অনুষ্ঠিত হয়।

\*\*\*\*\*

**Kharchi Greetings:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু খার্চি পূজা ও উৎসব উপলক্ষে রাজ্যবাসীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, খার্চি হচ্ছে ত্রিপুরার জনপ্রিয় উৎসবগুলির মধ্যে অন্যতম। খার্চি উৎসব রাজ্যবাসীর জীবনে আনন্দ, সুখ, ভালবাসা, সমৃদ্ধি ও সৌভ্রাতৃত্ব বয়ে নিয়ে আসবে বলে রাজ্যপাল শুভেচ্ছা বার্তায় উল্লেখ করেন।

ঐতিহ্যবাহী খার্চি উৎসব উপলক্ষে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহাও রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায়

মুখ্যমন্ত্রী বলেন, খার্চি উৎসব মহামিলনের বার্তা বহন করে চলছে। রাজ্যের নিজস্ব ঐতিহ্য ও পরম্পরাগত এই উৎসব উত্তর-পূর্বাঞ্চলের মানুষের কাছে বিশেষ পরিচিতি লাভ করেছে। জাতি জনজাতি সকল সম্প্রদায়ের এই উৎসব এখন সর্বাঙ্গিক মিলন মেলা পরিনত হয়েছে।

এডিসি'র চেয়ারম্যান জগদীশ দেববর্মা ও মুখ্য কার্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া খার্চি পূজা উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

সারা ভারত কৃষক সভার রাজ্য সম্পাদক পবিত্র কর ও ঐতিহ্যবাহী খার্চি উৎসব উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

\*\*\*\*\*

### **Special Train Kharchi**

রাজ্যের ঐতিহ্যবাহী খার্চি উৎসব উপলক্ষে উত্তর পূর্ব রেলওয়ে আজ থেকে আগরতলা-ধর্মনগর, আগরতলা - সাব্রুম রুটে এক জোড়া বিশেষ ট্রেন চালুর সিদ্ধান্ত নিয়েছে। এই বিশেষ ট্রেন চলবে আগামী ২১ জুলাই পর্যন্ত। আগরতলা-ধর্মনগর বিশেষ ট্রেনটি আগরতলা থেকে ছাড়বে ভোর ৫টায়, ধর্মনগর পৌঁছবে সকাল ৮টা ৫০ মিনিটে। ধর্মনগর থেকে ছাড়বে সকাল ১০টা ৩০ মিনিটে। আগরতলায় পৌঁছবে বেলা ২টা ৫ মিনিটে।

অন্যদিকে, আগরতলা সাব্রুম বিশেষ ট্রেনটি আগরতলা থেকে ছাড়বে বেলা ২টা ৩০ মিনিটে এবং সাব্রুমে পৌঁছবে বিকেল ৪টা ৫০ মিনিটে। অন্যদিকে সাব্রুম থেকে ছাড়বে বিকেল ৫টা ২০ মিনিটে। আগরতলায় পৌঁছবে সন্ধ্যা ৭টা ৪৫ মিনিটে। খার্চি পূজার

পুণ্যার্থীদের আসা যাওয়ার জন্য উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে থেকে দুই জোড়া বিশেষ ট্রেন দেওয়ায় পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব এবং রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন ও ধন্যবাদ জানান।

\*\*\*\*\*

#### **Union Home Minister :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ গতকাল নয়াদিল্লিতে একটি উচ্চ পর্যায়ের বৈঠকে, ভাইব্র্যান্ট ভিলেজ প্রোগ্রামের বাস্তবায়ন পর্যালোচনা করেছেন। বৈঠকে অমিত শাহ বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার সীমান্তবর্তী গ্রামগুলির সার্বিক উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ এই সীমান্তবর্তী গ্রামগুলিতে অনুপ্রবেশ ও গ্রামগুলো থেকে অভিবাসন রোধ করতে স্থানীয় বাসিন্দাদের কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি এবং গ্রামগুলির সাথে যোগাযোগ বাড়ানোর প্রয়োজনীয়তার উপর জোর দেন।

\*\*\*\*\*

#### **Bandh LeftFront:**

রাজ্য বামফ্রন্টের ডাকা ১২ ঘণ্টার ত্রিপুরা বন্ধে রাজ্যে এখনও পর্যন্ত কোনও প্রভাব নেই বলে রাজ্য পুলিশের সদর কার্যালয় থেকে জানানো হয়। রাজ্যের বিভিন্ন অংশে যানবাহন চলাচল স্বাভাবিক রয়েছে বলে জানানো হয়। দোকান পাটও খুলছে। দক্ষিণ জেলায়,সিপিএম দলের হয়ে পঞ্চায়েত নির্বাচনে প্রার্থী হিসাবে মনোনয়ন জমা দেওয়া বাদল শীলের নিহত হওয়ার

ঘটনার প্রতিবাদে এই বনধ আহ্বান করা হয়। বিজেপি দলের পক্ষ থেকে এই বন্ধের বিরোধীতা করা হয়। তিপুরা মথা দলের পক্ষ থেকে এই বন্ধের বিরোধীতা করে দলের নেতা প্রদ্যোত বিক্রম কিশোর দেববর্মা জানিয়েছেন খাৰ্চি উৎসবের প্রথম দিনে এই বনধ আহ্বানের যৌক্তিকতা নেই।

\*\*\*\*\*

**BJP :**

গতকাল আগরতলা টাউন হলে ভারতীয় জনতা পাৰ্টিৰ বৰ্ধিত কাৰ্যকৰ্তা সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, প্ৰদেশ বিজেপি সভাপতি ৰাজীৱ ভট্টাচাৰ্য, সাংসদ বিপ্লৱ কুমাৰ দেৱ ও অন্যান্য কৰ্মকৰ্তাগণ। প্ৰধান বক্তা হিচাবে উপস্থিত ছিলেন কেন্দ্ৰীয় শিক্ষামন্ত্রী বিজেপি নেতা ধৰ্মেন্দ্ৰ প্ৰধান।

পৰে সংবাদ মাধ্যমের কাছে সাংসদ বিপ্লৱ কুমাৰ দেৱ জানান, গত লোকসভা নিৰ্বাচনে ত্ৰিপুরা ভারতীয় জনতা পাৰ্টিৰ উল্লেখযোগ্য সাফল্যের জন্য ৰাজ্যের ভারতীয় জনতা পাৰ্টিৰ কৰ্মকৰ্তাদের অভিনন্দন জানান। তাদের অবদানের স্বীকৃতি দেন।

বিপ্লৱ কুমাৰ দেৱ জানান, সম্মেলনে আসন্ন ৰাজ্য পঞ্চায়েত নিৰ্বাচনে ভারতীয় জনতা পাৰ্টি অংশগ্ৰহণ কৰবে এবং আগামী দুই এক দিনের মধ্যে দলীয় প্ৰাৰ্থী তালিকা ঘোষণা কৰা হৰে বলে তিনি জানান।

\*\*\*\*\*

**Weather :**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়,,আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র বিদ্যুৎ সহ দুএক পশলা হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি হতে পারে। আজ সকালে আগরতলায় সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.১ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৫ ডিগ্রির কাছাকাছি। বৃষ্টি হয়েছে সামান্য।

\*\*\*\*\*

### **Arshia Padak :**

শ্রীলঙ্কায় অনুষ্ঠিত ওয়েস্টার্ন এশিয়ান ব্লিটস দাবা প্রতিযোগিতায় রাজ্যের আন্তর্জাতিক দাবাড়ু অর্শিয়া দাস রৌপ্য পদক দখল করেছে। আন্তর্জাতিক এই আসরে নয় রাউন্ডে অর্শিয়া ৭ পয়েন্ট পায়। এর আগে রেপিড দাবায় দখল করেছিল চতুর্থ স্থান।

\*\*\*\*\*

\*\*\*\*\*